

# শ্রীশ্রীহরি সঙ্গীত

৩৭

## ৪৮ নং তাল-গড়খেমটা

গুরুচাঁদ পাঠাইও না যমের কাছারী।

আমায় কৃপাডোরে বন্দী ক'রে রেখ তোমার প্রেম হুজুরী।

- ১। হ'য়েছি অপরাধী শ্রীপদে রাখ বাঁধি  
না হয় পাঠাও ওড়াকান্দি, শাস্তি মায়ের পুরী।  
আমায় খাটনি দাওহে মনের মত, হব গুরুচাঁদের অনুগত  
করব ঐ চরণ ধৌত, দাও আমারে এই কাম জারি।।
- ২। হয়েছি ফেরোয়ারী, হস্তে দাও কৃপা ডুরী  
পদে দাও দয়া বেড়ী, রাখ বন্দী করি।  
আমায় যদি দাও হে দ্বীপান্তরে, পাঠাও মায়া সিদ্ধু পারে  
পুনঃ না আসি ফিরে, প্রেম দ্বীপ দাও দয়া করি।
- ৩। চরণে হ'লেম দোষী, গলায় দাও দয়া রশি  
অনুরাগের চাপড়াশী, তশীল করুক ভারী।  
আমায় জুড়ে ভক্তি ঘানির গাছে, যেন কৃপাবেত্র মারে পিছে  
যাতে অপরাধ ঘুচে, শমন রাজার কি ধার ধারি।।
- ৪। শ্রীগুরুর প্রেমের জেলা তথায় নাই ত্রিতাপ জ্বালা  
যত সব হরিবোলা করে চৌকিদারী।  
আমায় শাসন করে আইন মতে, রাখবে সদা সূক্ষ্ম পথে  
ছেবে না রবির সুতে, প্রেমানন্দে বলব হরি।।
- ৫। ডেকে কয় তারকচন্দ্র, অশ্বিনী নাই তোর সন্দ  
সহায় তোর মহানন্দ কৃতান্ত ভয় হারী।  
এবার হ'গে গুরুর দাসানুদাস, তুই এ মামলাতে পাবি খালাস;  
পুরবে মনের অভিলাষ করিস না আর জুয়াচুরী।।

---

\* হরি সংকীর্্তনের গান করুন।